## উপজেলা পরিষদের সাধারণ সভারকার্যবিবরণি

স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

শাজাহানপুর, বগুড়া।

১০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/২২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ; সকাল ১০.০০টা

---

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

**আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরে নিয়মিত এডিপি ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ২০,২৫,০০০+২০,২৫,০০০= ৪০,৫০,০০০/- (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ দ্বরা দ্রুত প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি আরও জানান, সর্বমোট ৪০,৫০,০০০/- (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে আনুষাঙ্গিক ও তদারকি ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বাদে ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার অনুকুলে প্রকল্প গ্রহণ করা যাবে। তিনি ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপি ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ দ্বারা ইউনিয়ন পরিষদ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, এলাকার জনসাধারণ কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদন ও বাস্তবায়নের নিমিত্তে গত ২২ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সুপারিশ মোতাবেক ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" এ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ০১। ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের লক্ষে আনুষাঙ্গিক ও তদারকি বাবদ ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।<br>০২। ২০২১-২০২২ অর্থ বছরের নিয়মিত এডিপি ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে গত ২২ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সুপারিশ মোতাবেক ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" এ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌলশী |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে বোরো ধান রোপন করা হয়েছে ১৩,৪৬০ হেক্টর এবং রোপনকৃত ফসলের অবস্থা ভালো। চলতি মৌসুমে সম্ভাব্য ধানের ফলন হেঃ প্রতি ৬.৬২ হিসেবে মোট উৎপাদন ৮৩৪৫২ মেঃ টন হবে বলে আশা করা যাচ্ছে। তিনি আরও জানান, এ উপজেলায় বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষকদের মধ্যে আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। রাসাইনিক সার ও জ্বালানি তেলের সংকট নেই মর্মে তিনি সভায় অবহিত করেন। | ফসলের রোগ ব্যধি নিরসনে উপজেলা কৃষি বিভাগকে আরও সতর্ক থাকতে হবে এবং সার ও কীটনাশক সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে টিকাদান কর্মসূচি যথাযথভাবে চলছে। করোনা টিকা নিবন্ধনের মাধ্যমে ১ম ও ২য় ডোজের পাশাপাশি বুস্টার ডোজ কার্যক্রম চলছে। অনলাইনে যারা নিবন্ধন করতে পারবেন না এমন ব্যক্তিরা জাতীয় পরিচয়পত্র দেখিয়ে কেন্দ্রেই নিবন্ধন করে টিকা নিতে পারবেন। তিনি এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | করোনা টিকা গ্রহণ করেননি এমন ব্যক্তিদের নাম নিবন্ধন ও ভ্যাকসিন গ্রহণে সচেতনতা বৃদ্ধির নিমিত্ত প্রতিটি ইউনিয়নে ব্যপক প্রচার প্রচারনার ব্যবস্থা করবেন। | উপজেলা স্বাস্থ্য প.প. কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, গবাদিপশু ও হাঁস-মুরগির খামার নিবির পরিচর্চা ও খামারের জীবনিরাপত্তা উন্নত করতে তার দপ্তর নিয়মিত পরামর্শ দিচ্ছেন। তিনি আরও জানান, গবাদিপশুর জন্য নিয়মিত তড়কা, বাদলা, ক্ষুরারোগ, গলাফুলা রোগের জন্য টিকা দেয়া হয়েছে। ছাগলের জন্য পিপিআর রোগের টিকা, হাঁস-মুরগীর জন্য রানীক্ষেত, কলেরা, গামবারো, ডাকপ্লেগ ও বসন্ত রোগের টিকা প্রদান করা হয়েছে। তিনি তার বিভাগীয় কার্যক্রম তুলে ধরেন ঃ (১) টিকাদান-ক) গবাদিপ্রাণি-৩৭৮০ টি। পোল্ট্রি- ৫৯০০০টি (২) চিকিৎসা (ক) গবাদি প্রাণি-১৪১৮টি (খ) পোল্ট্রি-৪১৩৫টি এবং (৩) কৃত্রিম প্রজনন-১৩০৮টি। পরিশেষে তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | হাস মুরগি ও গবাদি পশুর রোগ ব্যাধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে আরও সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, আসন্ন রমজান উপলক্ষে মাছের বাজার মূল্য বৃদ্ধি ও ফরমালিনরোধে শাজাহানপুর উপজেলার বিভিন্ন মৎস্য আড়ৎ, বাজার পরিদর্শন ও অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। তিনি আরও জানান, বিশেষ মৎস্য সেবা কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে মাটি ও পানির গুনাগুন পরীক্ষা করে মৎস্য চাষিগণকে পরামর্শ প্রদান করা হয়েছে। তাছাড়া মৎস্য হ্যাচারী, মৎস্য খাদ্য উৎপাদনকারি, আমদানীকারক ও বিক্রেতা প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন সাপেক্ষে কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | আসন্ন রমজান উপলক্ষে মাছের বাজার মূল্য বৃদ্ধি ও ফরমালিনযুক্ত মাছ বাজারে বিক্রি না করতে পারে সে জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, কোভিড-১৯ এর বিস্তার কমে যাওয়ায় সকল মাধ্যমিক স্কুল, মাদ্রাসার ও কলেজে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। তবে শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শ্রেণী কক্ষে নিয়মিত পাঠদান অব্যহত রয়েছে। তিনি আরও জানান, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে সরকারি নির্দেশনার আলোকে সরকারি কর্মসূচির অংশ হিসেবে ১৭ মার্চ জাতীয় শিশু দিবস এবং ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস সুষ্ঠভাবে পালন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কোভিড-১৯ এর নির্দেশনাসহ স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী প্রস্তুত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের মার্চ ২০২২ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, ভিজিডি ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর চাল বিতরণের সময় উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানান। এ সংক্রান্ত কোন অনিয়ম লক্ষ্য করা হলে তদারকি কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে | ভিজিডি, ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর উপকারভোগীদের চাল বিতরণের সময় ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম তদরকি করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ০৯ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, তার দপ্তরের আওতায় আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ, এসিডদগ্ধ প্রতিবন্ধী ঋণ ও আশ্রায়ন প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান রয়েছে। সক্রিয় সেচ্ছাসেবী প্রতিষ্ঠান, এতিমখানা, রোগী কল্যাণ সমিতি কার্যক্রম, দুরারোগ্য ব্যধীতে আক্রান্ত (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস,স্ট্রোকে প্যারালাইসড ও জন্মগত হৃদরোগে) রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীসহ সকল সেবা গ্রহীতা যেন নির্বিঘ্নে সেবা গ্রহণ করতে পারে, তা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, উন্নত স্যানিটেশন নিশ্চিতকরণে জিপিএস প্রকল্পের আওতায় এ উপজেলার ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৩য় পর্যায়ের বরাদ্দকৃত নলকূপ বিতরণ লক্ষ্যে তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলেক অনুরোধ জনান। তিনি আরও জানান, তার দপ্তরের আওতায় ৩০টি নলকূপ মেরামত কাজ সম্পন্ন করা ও ২৫টি নলকূপর পরিদর্শন করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিক করেন। | নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপ সরকারি নীতিমালার আলোকে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সুপারিশ মোতাবেক বিভাজনের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের অনুকূলে ১ম পর্যায়ের অনুমোদিত প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। তিনি আরও জানান, টিআর-সাধারণ কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের মোট ২৫,১৫,৩৯৯/৩৬ টাকা বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত মিটিং আহব্বানপূর্বক বরাদ্দকৃত অর্থ দ্বারা কার্যক্রম গ্রহণের অভিমত ব্যক্ত করেন। তাছাড়া অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন (১১টি গৃহ) নির্মান ও দূর্যোগ সহনীয় ৩০টি ঘর নির্মান প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের লক্ষে এ সংক্রান্ত উপজেলা কমিটির মিটিং আহব্বানপূর্বক বিভাজন ও প্রকল্প গ্রহণের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১১০টি প্রাথমিক এবং বিআরডিবি ভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষমাত্রা অনুযায়ী ২০২২ মাসে ১১০টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন হয়েছে। একটি আশ্রায়ণ প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ণ প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পে ৩২ জন সদস্যকে ৪,৫০,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে এবং ঋণের আদায় চলমান রয়েছে। এছাড়া ইনোভেটিভ আইডিয়া হিসাবে সামাজিক নিরাপত্তা হোম সার্ভিসের মাধ্যমে সমিতির টেকসই উন্নয়নের জন্য লাইফ ওয়ে প্লাস ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতিতে ইনোভেশন প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা চলমান রয়েছে। এ দপ্তরের ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ১৫০৯০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে আদায় করা হয়েছে এবং ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল ৪৪৪৬/- টাকা যার মধ্যে জনতা ব্যাংকে ডিডি এর মাধ্যমে জমা করা হয়েছে ৪৪৩১/- টাকা। উপজেলা নির্বাহী অফিসার জানান, সমবায় অধিদপ্তর হতে নিবন্ধন নিয়ে অনেক সমবায় সমিতি বা সংগঠন ঋণ কার্যক্রমে নির্ধারিত হারের অধিক মাত্রায় সুদ | সমবায় সমিতিগুলোর ঋণ কার্যক্রম ও ঋণের সুদ আদায়ের হার নিয়মিত মনিটরিং করতে হবে এবং অবৈধ কার্যক্রমের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণ ও অন্যান্য নিয়ম বহির্ভূত কার্যক্রম চালিয়ে আসছে। তিনি এ সকল প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন ও অবৈধ কার্যক্রমের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারের প্রতি পরামর্শ প্রদান করেন। | | |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন কর্মসূচি এবং প্রকল্প থেকে ফেব্রুয়ারি ২০২২ মাসে সঞ্চয় আদায় ১১,০০০/- টাকা, ঋণ আদায় ৪,৬৭,০০০/- টাকা এবং ঋণ বিতরণ হয়েছে ৩,৮০,০০০/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে সঞ্চয় আদায় ২,৪১,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৫০,৭২,০০০/- টাকা এবং ঋণ বিতরণ ৬১,৫০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৫,৯০,১১,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৪,৮২,৬২,০০০/- টাকা শেয়ার আমানত ৩,১৬,০০০/- টাকা এবং সঞ্চয় আমানত ৩৮,৮৪,০০০/- টাকা। তিনি আরও জানান, তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের ৩৪,৮২,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় রয়েছে। টাকা আদায়ের জন্য জোর তাগিদ দেয়া হয়েছে। উক্ত অর্থ আদায়ে উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধিসহ সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ০১। সফলভাবে পরিচালনার জন্য সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>০২। খেলাপি ঋণ আদায়ের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৪ | চেয়ারম্যান আশেকপুর ইউপি | চেয়ারম্যান, আশেকপুর ইউপি বলেন, মনমোহন মোহন্ত, পিতা- মৃত প্রভাত মোহন্ত, সাং- চকজোড়া পশ্চিম পাড়া, ইউপি- আশেকপুর, শাজাহানপুর বগুড়া চা ও বেকারী দোকানদার। গত ২০ মার্চ ২০২২ তারিখে রাতে দোকানে অজ্ঞাত কারণে ভয়াবহ অগ্নিকান্ডে দোকানের সমস্ত মালামাল সম্পূর্ণরূপে পুড়ে গিয়ে আর্থিক ক্ষতিগ্রস্থ হয়েছেন। তিনি আরও জানান, একই ইউপির সাবরুল গ্রামের মোঃ আব্দুল আলিম পুটু, পিতা- মৃত সোলাইমান আলীর বসত-বাড়িতে গত ০৯ নভেম্বর ২০২১ তারিখে চুলার আগুন থেকে ভয়াবহ অগ্নিকান্ডে ঘরের সমস্ত মালামাল সম্পূর্ণরূপে পুড়ে গিয়ে আর্থিক ক্ষতিগ্রস্থ হয়েছেন। ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ অতি গরিব ও অসহায় এর কারণে পরিবার পরিজন নিয়ে মানবেতর দিন যাপন করায় উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদানের জন্য আবেদন দাখিল করেছেন। তিনি মানবিক বিবেচনায় ক্ষতিগ্রস্থ মনমোহন মোহন্ত, পিতা- মৃত প্রভাত মোহন্ত এবং মোঃ আব্দুল আলিম পুটু, পিতা- মৃত সোলাইমান আলীর পরিবারকে উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান প্রদানের অনুরোধ জানান। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মনমোহন মোহন্ত, পিতা- মৃত প্রভাত মোহন্ত এবং মোঃ আব্দুল আলিম পুটু, পিতা- মৃত সোলাইমান আলীর পরিবারকে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা করে আর্থিক অনুদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |
| ১৫ | বিবিধ-০১ | উপজেলা প্রকৌশলী অবহিত করেন, উপজেলা পরিষদের অডিটরিয়াম বহুদিন সংস্কার কাজ না করায় দেয়ালের প্লাস্টার ডেম্প হয়ে জরাজীর্ণ অবস্থায় রয়েছে। জরুরি ভিত্তিতে রক্ষণাবেক্ষণ ও মেরামত করা প্রয়োজন। তিনি আরও জানান, দ্রুত মেরমতের লক্ষ্যে অডিটরিয়াম ভবন, উপজেলা আনসার ভিডিপি অফিসের ওয়াশরুম ও উপজেলা পরিষদের ডরমেটরি ভবনের সেপটি ট্যাংক নির্মানের নিমিত্তে সরেজমিনে পরিদর্শন ও পরিমাপ গ্রহণ করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/রক্ষণাবেক্ষণ/রঙকরণ খাত হতে অডিটরিয়াম ভবন, উপজেলা আনসার ভিডিপি অফিসের ওয়াশরুম | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/ রক্ষণাবেক্ষণ/রংকরণ খাত হতে উপজেলা পরিষদের অডিটরিয়াম ভবন মেরমত, উপজেলা আনসার ভিডিপি অফিসের ওয়াশরুম নির্মান ও উপজেলা পরিষদের ডরমেটরি ভবনের সেপটি ট্যাংক নির্মান কাজ সম্পন্ন করার লক্ষ্যে | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্মান ও উপজেলা পরিষদের ডরমেটরি ভবনের সেপটি ট্যাংক নির্মান কাজ দ্রুত সম্পন্ন করার নিমিত্ত পরিশিষ্ট "খ" এ প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রস্তাব উপস্থাপন করেন। | পরিশিষ্ট "খ" বর্ণিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | |
| ১৬ | বিবিধ-০২ | সভাপতি মহোদয় অবহিত করেন যে, উপজেলা পরিষদের অডিটরিয়াম ও ২য় তলার সভাকক্ষে বিভিন্ন সভা ও আলোচনা অনুষ্ঠান আয়োজনকালে আসন ব্যবস্থার সংকট থাকার কারণে বাইরে থেকে চেয়ার টানাটানি করে সভা করতে হয়। অডিটরিয়ামে চেয়ার সংকট নিরসনে কিছু সংখ্যক নতুন চেয়ার ক্রয় করা অতি জরুরি। তাছাড়া পরিষদের সভাকক্ষের জরাজীর্ণ হাতল ওয়ালা চেয়ার, অফিস কক্ষে ব্যবহৃত ত্রুটিযুক্ত টেবিল ও কিছু সংখ্যক অব্যবহৃত ও অকেজো চেয়ার মেরামত করা খুবই জরুরি। প্রতি অর্থ বছরে আসবাবপত্র মেরামত খাত হতে ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা এবং নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য প্রতি অর্থবছরে ৩,০০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় করার বিধান রয়েছে। বাস্তব প্রেক্ষাপট বিবেচনা করে তিনি উপজেলা পরিষদের জন্য নতুন আসবাবপত্র ও পুরাতন আসবাপত্র মেরামতের প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ছ) আসবাপত্র সংগ্রহ ও মেরামত খাতের অর্থায়নে **উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র মেরামতের বিল বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল ভাউচার অনুমোদনসহ** চেয়ার সংকট নিরসনের নিমিত্ত স্পট কোটেশনের মাধ্যমে **উপজেলা পরিষদের জন্য নতুন আসবাবপত্র ক্রয়** সম্পন্ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | ০১। উপজেলা প্রকৌশলী<br>০২। উপজেলা নির্বাহী অফিসার |
| ১৭ | বিবিধ-০৩ | সভাপতি মহোদয় অবহিত করেন যে, উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার ও ফটোকপি মেশিন বহুদিন ব্যবহারের ফলে কম্পিউটারের হার্ডডিস্ক, মাদারবোর্ড, প্রসেসর ও ফটোকপি মেশিনের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের ত্রুটি দেখা দিয়েছে ফলে দাপ্তরিক কার্যক্রম নানাভাবে ব্যহত হচ্ছে। জরুরি ভিত্তিতে তিনি দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নতুন ডেস্কটপ কম্পিউটার ও একটি ফটোকপি মেশিন ক্রয়ের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ছ) অফিস সরঞ্জাম সংগ্রহ ও ক্রয় খাতের অর্থায়নে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য স্পট কোটেশনের মাধ্যমে **উপজেলা পরিষদের জন্য একটি ডেস্কটপ কম্পিউটার ও ফটোকপি মেশিন ক্রয়** সম্পন্ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | ০১। উপজেলা প্রকৌশলী<br>০২। উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮ | বিবিধ-০৪ | অফিস সুপার জনাব মোঃ জহুরুল হক বলেন, এ উপজেলার ০৯টি ইউনিয়ন পরিষদ অফিস চত্তর, গুরুত্বপূর্ণ বাজার ও আশপাশের আবাসিক এলাকায় মশার উপদ্রুব বৃদ্ধি ও এলাকায় মশা বাহিত রোগ বৃদ্ধি পাওয়ায় মশার বংশ বিস্তাররোধে উপজেলা চত্তরসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের অর্থায়নে ইতোমধ্যেই জীবাণুনাশক স্প্রে করা হয়েছে। তিনি বিভিন্ন উপজেলায় ফগার মেশিনে জীবাণূনাশক স্প্রেকরণ কাজের ব্যয়িত ৮৯,১৯৯/- (উনবব্বই হাজার একশত নিরাবব্বই) টাকা পরিশোধের নিমিত্তে বিল ভাউচার সভায় উপস্থাপন করেন। | উপজেলার বিভিন্ন ইউনিয়নে মশার বিস্তাররোধে জীবাণুনাশক ছিটানোর জন্য উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ এর (ফ) এ মশা নিধন খাত হতে ব্যয়িত মোট ৮৯,১৯৯/- (উনবব্বই হাজার একশত নিরাবব্বই) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |

**১৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয় :**

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির জানুয়ারি ২০২২ মাসের মজুরি বাবদ | ১৪,৮৫০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর জানুয়ারি ২০২২ মাসের মজুরি বাবদ | ১৩,৩০০/- | |
| ০৩ | উপজেলা পরিষদে বাসা বাড়ি ও অফিস ভবনের ইলেকট্রিক লাইন মেরামতের বিল বাবদ | ১৬,৮২৫/- | |
| ০৪ | উপজেলা পরিষদের নভেম্বর/২১ হতে ডিসেম্বর/২১ জুলাই মাসের আপ্যায়ন ও অনুষাংগিক বাবদ | ৮৪,৪৫৬/- | |
| ০৫ | উপজেলা পরিষদের পানির পাম্প মেরামতের বিল বাবদ | ২৪,৬৭০/- | |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিষদের বাসা বাড়ি ও অফিস ভবন মেরমতের বিল বাবদ | ১৮,১১৬/- | |
| ০৭ | উপজেলা পরিষদের সেলার প্যানেল মেরামত বিল বাবদ | ১০,০০০/- | |

**সিদ্ধান্ত :** বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ সোহরাব হোসেন**
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.২১- ৩৯৮ (৩৫)

তারিখ ঃ ০৯ বৈশাখ ১৪২৯ ব. / ২২ এপ্রিল ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..................................................................
০৯। অফিস নথি।

১২/৪/২২

**আসিফ আহমেদ**
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা,শাজাহানপুর,বগুড়া
ফোন- ০২৫৮৮৮৭৭১১১ (কার্যালয়)